



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৫ জুলাই ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

### সিএইচটি রেগুলেশন বাতিলের ষড়যন্ত্র বন্ধের দাবিতে ইউপিডিএফের নতুন কর্মসূচি ঘোষণা

আদালতের মাধ্যমে পার্বত্য চট্টগ্রাম রেগুলেশন ১৯০০ বাতিলের ষড়যন্ত্র বন্ধের দাবিতে ইউপিডিএফ তিন দিনের নতুন কর্মসূচি ঘোষণা করেছে।

কর্মসূচির মধ্যে রয়েছে- আগামী ১৮ জুলাই খাগড়াছড়ি জেলা সদরে গণসমাবেশ, ১৯ জুলাই চট্টগ্রাম নগরে সমাবেশ ও ২২ জুলাই রাঙামাটি জেলা সদরে অবস্থান ধর্মঘট ও প্রধান বিচারপতির বরাবর স্মারকলিপি প্রদান।

আজ সোমবার (১৫ জুলাই ২০২৪) সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে ইউপিডিএফের মুখপাত্র অংগ্য মারমা উক্ত কর্মসূচির ঘোষণা দিয়ে বলেন, 'গতকাল (রবিবার) দিনব্যাপী ইউপিডিএফ ও সহযোগী সংগঠনসূহের মধ্যে অনুষ্ঠিত সমন্বয় মিটিঙে এসব কর্মসূচি গ্রহণ করা হয়েছে'।

বিবৃতিতে তিনি উক্ত কর্মসূচি সফল করার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়ে বলেন, 'পার্বত্য চট্টগ্রাম রেগুলেশন পাহাড়ীদের প্রথাগত অধিকারের একটি রক্ষাকবচ। সরকার আদালতের মাধ্যমে এই রেগুলেশনকে বাতিল করে দিয়ে পাহাড়ীদের প্রথাগত অধিকার হরণ করার ষড়যন্ত্র করছে। তাই পার্বত্য চট্টগ্রামের পাহাড়ি জনগণকে এ ষড়যন্ত্রের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে'।

অংগ্য মারমা সরকারের প্রতি আহ্বান জানিয়ে বলেন, সিএইচটি রেগুলেশন বাতিলের মাধ্যমে পাহাড়ি জনগণের ন্যূনতম অধিকার কেড়ে নেয়ার যে ষড়যন্ত্র করা হচ্ছে তা অবিলম্বে বন্ধ করুন। অন্যথায় ইউপিডিএফ ও তার সহযোগী সংগঠনগুলো জনগণকে সাথে নিয়ে আরো বৃহত্তর কর্মসূচি ঘোষণা করতে বাধ্য হবে।

উল্লেখ্য, এর আগে গত ৯ জুলাই খাগড়াছড়ির ও রাঙামাটির বিভিন্ন স্থানে বিক্ষোভ প্রদর্শন এবং ১০ জুলাই বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়কে অবস্থান ধর্মঘট কর্মসূচি পালন করেছে ইউপিডিএফ ও সহযোগী সংগঠনগুলো।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।